| ১৪. | ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পৌরসভার অনুমোদন ব্যতিরেকে পৌর এলাকা অভ্যান্তরে যেখানে সেখানে ডিপ টিউবওয়েল স্থাপন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সংশোধিত দাবী সুপারিশসহ অনুমোদনের জন্য পৌর পরিষদে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সুপারিশকৃত ৩৫টি পানি সরবরাহ সংযোগের (বিচ্ছিন্ন/উচ্ছেদজনিত কারণ) বিপরীতে ২,৮৩,০৮১ টাকা এবং ১৯২ টি সংযোগের বিপরীতে ১,৫৫,৯৯০ টাকা অনাদায়যোগ্য হওয়ায় যথাক্রমে বকেয়া দাবী ১৭,৬৭,৪২০ টাকার স্থলে ১৪,৮৪,৩৩৯ টাকায় এবং হাল দাবী ২৭,৭০,৫০০ টাকার স্থলে ২৬,১৪,৫১০ টাকায় সংশোধিত হয়।<br>ডিপ টিউবওয়েল যত্রতত্র স্থাপন না করার বিষয়ে ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় মাগুরা পৌরসভায় ২০১৯- | পানির অপচয় রোধ ও পানির বিল আদায় বৃদ্ধি করার জন্য প্রত্যেক গ্রাহককে মিটার দেওয়ার জন্য পুন:রায় সিদ্ধান্ত গৃহীত হলো। ইতোমধ্যে মিটারিং সিস্টেমের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | সচিব<br>ওয়াটার সুপার |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | ২০২০ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ এপ্রিল-জুন/২০২০ইং কোয়ার্টারের মোট দাবীর পরিমাণ ১,২৩,৮৭,৯৪৯/- টাকা।<br>এপ্রিল-জুন/২০২০ইং মাসের ত্রৈমাসিকে ..............১২৬৬০ টি পানির বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে।<br>এমতাবস্থায় এ পর্যন্ত সর্বমোট পানির বিল আদায়ের পরিমাণ ১,০১,৮৯,৩৪২/- টাকা। আদায়ের হার ৮২.২৫%। পানির বিল ১০০% আদায়ের বিষয়ে আলোচনা হয়। আগামীতে পানির বিল মওকুফ করার কোন সুযোগ দেওয়া হবে না বলে মেয়র মহোদয় মতামত প্রকাশ করেন।<br>TLCC'র সদস্য জনাব মিসেস লিপিকা দত্ত বলেন যে, WC কমিটিতে যে বক্তব্য দেয়া হয়– তার বাস্তবায়ন হলেই আমরা সন্তোষ প্রকাশ করতে পারি। | | |

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৫. | ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি জনাব-UGIIP-IIIপ্রকল্পের শর্তানুসারে O&M, GAP, PRAP, বিদ্যুৎ ও টেলিফোন বিল, TLCC, WCসহ বিভিন্ন খাতে সঠিক নিয়মে বাজেটে বরাদ্দ রাখাসহ বাজেট প্রণয়ন করে ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বাজেট TLCC ও নাগরিকবৃন্দের সাথে আলোচনা ও মাসিক সভায় অনুমোদন করে সঠিক ভাবে বাস্তবায়ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব উদয় শঙ্কর রায় বলেন ২০১৯-২০ অর্থ বছরের বাজেট প্রণয়ন করে ইং ২৪/৬/২০১৯তাং বিশেষ TLCC এর সভা ও পৌর পরিষদের ২৬/৬/২০১৯ইং তাং এর সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে। UGIIP-III প্রকল্পের শর্তানুসারে ২০১৯-২০২০ইং অর্থ বছরে বিভিন্ন খাতে বাজেট বরাদ্দের পরিমাণ যেমন-<br>O&M খাতে ৩২,৬৫,০০০/- টাকা<br>GAP খাতে ৩২,৫০,০০০ /- টাকা<br>PRAP খাতে ৫৪,০০,০০০ /- টাকা<br>TLCC খাতে ১,২৫,০০০/- টাকা<br>WC খাতে ২,২৫,০০০/- টাকা<br>উল্লেখিত বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহ কাজ চলমান রয়েছে। | ২০১৯-২০২০ ইং অর্থ বছরে UGIIP-III প্রকল্পের শর্তানুসারে O & M, GAP, PRAP, বিদ্যুৎ ও টেলিফোন বিল, TLCC, WC, সহ বিভিন্ন খাতে বাজেটে বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/সচিব/ হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৬. | খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী প্রতি অর্থ বছরে আভন্তরিণ নীরিক্ষা কার্যক্রম অব্যাহত রেখে প্রতিবেদন ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ PMO-তে প্রেরণ করার সিদ্ধান্ত। | ২০১৮-১৯ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে বছরের আর্থিক বিবরণী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পন্ন করে প্রতিবেদন মেয়রের নিকট উপস্থাপন পরবর্তী গত ০৩/১০/২০১৯ ইং তারিখ PMO-তে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী চলতি অর্থবছর অর্থাৎ ২০১৯-২০২০ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে বছরের আর্থিক বিবরণী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পূর্ণ করে প্রতিবেদন ২৬ সেপ্টেম্বর/২০২০ মাসের মধ্যে মেয়রের নিকট উপস্থাপন করা এবং ০৭/১০/২০২০ ইং মাসের মধ্যে PMO-তে প্রেরণ করা হবে। | সভাপতি, অডিট এ্যান্ড একাউনটস বিষয়ক স্থায়ী কমিটি ও হিসাব শাখা |
| ১৭. | গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO-তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অক্টোবার-ডিসেম্বর/২০১৯ইং মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>এবং প্রতি কোয়ার্টারে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন এবং ৫ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হয়। | প্রতি মাসের শেষেReceipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO-তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব শাখা |
| ১৮. | ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার জন্য অন্যতম সদস্য জনাব খান আবুল হোসেন প্রস্তাব করেন। বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে মেয়র মহোদয় বলেন আগামীতে বিদ্যুৎ বিল প্রতি মাসে পরিশোধের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। | গত জানুয়ারী-মার্চ/২০২০ইং সময়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক দাখিলকৃত সর্বমোট বিদ্যুৎ বিলের পরিমাণ (বকেয়া+চলতি = ৮০৬৮৩০১+১১০২১৩৯) ৯১৭০৪৪০/- টাকা। উল্লেখ্য যে, বিদ্যুৎ বিল সংক্রান্ত পুনঃরায় জটিলতা দেখা দেওয়ায় বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। জটিলতা নিরষনের কার্যক্রম চলমান রয়েছে যা নিরষন পরবর্তী পরিশোধ করা হবে। এই সময় কোন বিল পাওয়া যায়নি।<br>জানুয়ারী-মার্চ/২০২০ইং কোয়ার্টারে প্রাপ্ত সর্বমোট টেলিফোন বিলের পরিমান ৬৫০১/- টাকা। পরিশোধিত বিলের পরিমাণ ৬৫০১/- | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ ও টেলিফোন বিল চলমান অর্থ বছরের নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব ও নির্বাহী প্রকৌশলী |
| ১৯. | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/সচিব /নির্বাহ প্রকৌশলীনগর পরিকল্পনাবিদ/প্রশাসনিক কর্মকর্তা |
| ২০. | চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | BMDF এর ঋণ পরিশোধ কার্যক্রম যথারীতি চলমান থাকবে। | বিএমডিএফ কর্তৃক দাখিলকৃত কিস্তি সিডিউল হতে ৫ম কিস্তি বাবদ ৫৫২৩২৯/- টাকা পরিশোধ করা হয়েছে। | BMDF এর ঋণ পরিশোধ কার্যক্রম যথারীতি চলমান থাকবে। | মেয়র, সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

## ক্ষেত্র ৬ । প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২১. | ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | আগামী এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১৩টি স্থায়ী কমিটি আছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমুহের জানুয়ারী-মার্চ/২০২০ইং মাসের সকল মাসিক সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMO অফিসে প্রেরণ করা হয়। | আগামী জুলাই-সেপ্টেম্বর/২০২০ কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/সহকারী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা |
| ২২. | খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | ধারাবাহিকভাবে প্রশিক্ষণ কর্মকান্ড চলমান থাকবে। | সভাপতি বলেন UGIIP-III প্রকল্পের নির্দেশনা অনুযায়ী বস্তিউন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেকটি SIC কমিটি ও পৌরসভার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকেকমিউনিটি এ্যাকশন প্লান (ক্যাপ) এবং নগর সমন্বয় কমিটির সদস্যদেরকে জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ইতিমধ্যে সকল স্থায়ী কমিটির সদস্যদেরকে কমিটির আকার, কমিটির কার্যক্রম, কমিটি গঠন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং পরবর্তীতে সরকারী নির্দেশনা পেলে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয়তার বিষয়ে সদস্যগণ মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | প্রশিক্ষণ কর্মসূচিগুলির ধারাবাহিকতা বজায় রাখার এবং নতুন নতুন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |
| ২৩. | গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | ডিজিটাল নাগরিকত্ব সনদ প্রদানের লক্ষ্যে জনগণকে ডিজিটাল সেবা নিশ্চিত করতে অবিলম্বে ডিজিটাল নাগরিকত্ব সনদ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | মাগুরা পৌরসভার ওয়েবসাইটটি হালনাগাদকরণ ও আধুনিকিকরণ করা হয়েছে মর্মে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন। প্র্যাকটিক্যাল এ্যাকশন এনজিওর সহযোগিতায় ওয়ান সার্ভিস প্রজেক্টের মাধ্যমে মোবাইল বেজড ইউটিলিটি বিল গ্রহণ প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের ফলে গ্রাহকগণের দোরগোড়ায় সেবা প্রাপ্তি নিশ্চিত হয়েছে। | সিটিজেন চার্টারসহ সময়োপযোগি বিভিন্ন সেবা বিভিন্ন এ্যাপসের মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কার্য চলমান আছে। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |

## ক্ষেত্র ৭ । পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৪. | ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা অগ্রগতির বিস্তারিত আলোচনা। | বেওয়ারিশ কুকুর নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা হবে, নদী থেকে প্লাস্টিক বর্জ্য অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হবে। জনসচেতনতামূলক বহুল প্রচারণা নিশ্চিত করতে হবে। সদস্যগণের অনুরোধসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | ২০১৯-২০২০ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৯৩১০০০০ টাকা এপ্রিল-জুন/২০২০ইং কোয়ার্টারে ব্যয় ১৬৫১২৮৬ টাকা।<br>০১. ময়লা আবর্জনা পরিস্কার বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৭৫০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ ইং ব্যয় ০০.০০ টাকা।<br>০২. ময়লা আবর্জনা পরিস্কারের উপকরন ক্রয় বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৮০০০০.০০ টাকা। এপ্রিল-জুন/২০২০ ইং এ ব্যয় ০০.০০ টাকা। | মাগুরা পৌর এলাকায় বর্জ্যব্যবস্থাপনা সুসংহত করতে পর্যায়ক্রমে নাগরিকগণের সাথে মতবিনিময় সভাসহ সকল কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বর্ণিত আলোচনার আলোকে অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়ন কাজ সম্পন্ন হবে। | কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | ০৩. গাবের্জ ট্রাক/ভ্যান মেরামত বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৩৩০০০০.০০ টাকা এপ্রিল-জুন /২০২০ ইং ব্যয় ৫৫৫০০.০০ টাকা।<br>০৪. জ্বালানী (গার্বেজ ট্রাক) বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৮০০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ইং ব্যয় ২৭২৩৫০.০০ টাকা।<br>০৫. মশক নিধন বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে ব্যয় বরাদ্ধ ৩৫০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ ইং ব্যয় ৪৩৩৫৬.০০ টাকা।<br>০৬. চুক্তি ভিত্তিক কর্মচারীদের বেতন বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৭০০০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ ইং ব্যয় ১২৮০০৮০.০০ টাকা।<br>সভাপতি মহোদয় জানান– ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের সহযোগিতায় পৌর এলাকায় ৩টি রাউন্ডের মাধ্যমে কুকুরকে জলাতংক টিকা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যার ১ম রাউন্ড সম্প্রতি সফলভাবে সম্পন্ন হয়েছে।<br><br>মাগুরা পৌর এলাকায় বর্জ সংগ্রহ অপসারণের কাজ সবধরণের বর্জ্য রি-সাইকেলিং এর মাধ্যমে পুনঃ ব্যবহার উপযোগী করার লক্ষ্যে ডাম্পিং গ্রাউন্ড সম্প্রসারণের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে। সেই মোতাবেক কাজ চলছে।<br><br>মাগুরা পৌর এলাকায় বর্জ্য সংগ্রহ অপসারণের কাজ সর্বধরণের বর্জ্য রি-সাইকেলিং এর মাধ্যমে পুনঃ ব্যবহার উপযোগী করার লক্ষ্যে ডাম্পিং গ্রাউন্ড সম্প্রসারণের উদ্দ্যেগ গ্রহণ করা হয়েছে। সেই মোতাবেক কাজ চলছে।<br>TLCC'র সদস্য জনাব সালমা ইসলাম মলি বলেন যে, মাগুরা পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার উপর পৌর কর্তৃপক্ষের আরো যত্নবান হওয়া সমীচিন। বর্জ্য ব্যবস্থাপনা কাজে লোকবল বাড়ানো প্রয়োজন এবং ভ্যান দিয়ে গলির ভিতরের ময়লা অপসারণ করলে ব্যবস্থাপনা উন্নত হবে বলে তিনি জানান।<br><br>TLCC'র সদস্য জনাব প্রফেসর আব্দুল জব্বার বিভিন্ন স্থানে ভেঙ্গে যাওয়া স্লাব নির্মাণের অনুরোধ করেন। | | |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | টয়লেটের ময়লা পরিস্কারের জন্য কবে নাগাদ পৌরসভা কার্যক্রম শুরু করবে– এ বিষয়েও তিনি জানতে চান। শহরের ড্রেনগুলি পরিস্কারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীদের উদাসিনতা পরিলক্ষিত হয় মর্মে তিনি জানান।<br><br>TLCC'র সদস্য জনাব সমিত চক্রবর্তী – কুকুর নিধন, ফুটপাত দখল মুক্তকরণ, শব্দ দূষণ নিরসণের ক্ষেত্রে পদক্ষেপ নিতে অনুরোধ করেন। শহরের যানজট নিরসনে পৌরসভা এবং পুলিশ সমন্বিতভাবে কাজ করলে ট্রাফিক জ্যাম অনেকটাই হ্রাস পাবে বলে তিনি জানান। তাছাড়া ইমারত নির্মাণের ক্ষেত্রে ড্রেনেজ ব্যবস্থা এবং স্যানিটেশন ব্যবস্থা কার্যকর সাপেক্ষে প্লান অনুমোদন করা দরকার বলে তিনি জানান।<br><br>TLCC'র সদস্য জনাব কাজী দীনা– বেওয়ারিশ কুকুর নিধনের অনুরোধ করেন। তিনি রাস্তা ও ড্রেন পরিচ্ছন্নতা কাজে আরো জোর দেয়ার সুপারিশ করেন।<br><br>TLCC'র সদস্য জনাব হুমায়ুন কবির রাজা বলেন যে, নতুন ব্রীজ (শেখ কামাল ব্রীজ) ও জুতাপট্টি সংলগ্ন এলাকায় পৌরসভা কর্তৃক ১টি টয়লেট নির্মাণের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যা এখনো বাস্তবায়ন হয়নি। বিষয়টি পুনঃবিবেচনার জন্য তিনি অনুরোধ করেন। তাছাড়া উক্ত ব্রীজের ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কারের ব্যবস্থা করার জন্যও তিনি অনুরোধ করেন।<br>TLCC'র সদস্য জনাব আমিনা হামিদ বলেন যে, ৯নং ওয়ার্ডে পুলিশ সুপারের বাসভবন সংলগ্ন স্কুল এলাকায় ১টি ডাস্টবিন প্রয়োজন– বিষয়টি বিবেচনার জন্য তিনি কর্তৃপক্ষকে অনুরোধ করেন।<br>TLCC'র সদস্য জনাব রত্না বেগকম বলেন যে, ৭নং ওয়ার্ডে কাউন্সিলর সাহেবের বাসা সংলগ্ন এলাকায়(নিজনান্দুয়ালী চরপাড়া) ১টি ডাস্টবিন প্রয়োজন।<br><br>TLCC'র সদস্য জনাব সাইদুর রহমান বলেন যে, ইসলামপুর পাড়া নদীর কূলে রাস্তার মাথা ভেঙ্গে গেছে – উক্ত এলাকায় ড্রেন ও রাস্তা সংস্কার পূর্বক নদীতে আউটফল তৈরী করার অনুরাধ করেন। | | |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | TLCC'র সদস্য জনাব আ. জব্বার বলেন যে, তার এলাকায় (উত্তর দোয়াপাড়) ডাবে খোসা ও ময়লা আবর্জনা অপসারণ কাজ জোরদার করা প্রয়োজন।<br><br>প্যানেল মেয়র-১, জনাব মকবুল হাসান মাকুল পৌরসভার উন্নয়নে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে ব্যাখ্যা করেন। তিনি সদস্যগণকে বলেন– যে সমস্ত রাস্তা ও ড্রেন সংস্কারের বিষয়টি উত্থাপিত হয়েছে এবং অবৈধ স্থাপনার বিষয়টি উল্লেখ করা হয়েছে– তা পর্যায়ক্রমে সম্পন্নের বিষয়ে আশ্বস্ত করা গেল। তাছাড়া বিভিন্ন ওয়ার্ডে চাহিত ডাস্টবিনগুলো সংস্থান সাপেক্ষে দ্রুত সর্বরাহ করা হবে। | | |
| ২৫. | খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | UGIIP-III প্রকল্প কর্তৃপক্ষ বরাবরে ভ্রাম্যমান ডাস্টবিন, পুশকার্ট, ট্রলি ইত্যাদি সরঞ্জামাদি চেয়ে পত্র প্রেরণ করতে হবে। সদস্যগণের অনুরোধসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | ২০১৯-২০২০ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৬৮৭৭৫০০.০০ টাকা<br>এপ্রিল-জুন/২০২০ইং কোয়ার্টারে ব্যয় ৯৪৫০০.০০ টাকা।<br>০১. পরিস্কারের উপকরন ক্রয় বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৪৫০০০.০০ টাকা ব্যয় ০০.০০ টাকা।<br>০২. চুক্তি ভিত্তিক কর্মচারীদের বেতন বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৭৫০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ ইং ব্যয় ৯৪৫০০.০০ টাকা।<br><br>মাগুরা পৌর এলাকার কাঁচা/পাকা ড্রেনগুলি নিয়মিত পরিস্কার করা হচ্ছে। পৌর কর্তৃপক্ষ পর্যায়ক্রমে পৌর এলাকার সকল ড্রেনই পাকাকরণসহ স্লাব দিয়ে ঢেকে পানি নিষ্কাশন ব্যবস্থা সচলরাখার উদ্যোগ গ্রহণ করেছেন।<br><br>TLCC'র সদস্য শেখ সেলিনা আকবরী– কলেজ পাড়ার ড্রেনের সমস্যা সমূহ সমাধানের অনুরোধ করেন। তিনি মন্নু সাহেবের বাড়ীর পাশের ড্রেনের সংস্কারের জন্য অনুরোধ করেন। কলেজ মসজিদ হতে দোয়ারপাড় মসজিদ রাস্তার ড্রেনের ভাঙ্গা স্লাব সংস্কার, রাস্তার টপ সমতল, অপ্রয়েজনীয় স্পীডব্রেকার অপসারণের অনুরোধ করেন।<br><br>এনজিও প্রতিনিধি জনাব মো: আব্দুল করিম | আধুনিক মাগুরা পৌরসভা গড়ে তুলতে স্পর্শকাতর স্থানসমূহে মোবাইল ডাস্টবিন স্থাপন কাজ চলমান থাকবে। | কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | প্র্যাক্টিক্যাল এ্যাকশন এনজিওর নতুন প্রতিনিধি হিসেবে তার পরিচয় প্রদান করেন এবং পৌরসভার সার্বিক কর্মকান্ডে তার সহযোগিতা অব্যাহত থাকবে বলে জানান। তিনি পৌর কর্তৃপক্ষের সহযোগিতা প্রত্যাশা করেন। এনজিও প্রতিনিধি জনাব জেসমিন বলেন যে, মাগুরা পৌরসভা কর্তৃক বিল্ডিং অনুমোদনের ক্ষেত্রে বর্জ্য অসপারণের গাড়ী যেন ঢুকতে পারে এবং প্রয়োজনীয় সেফটিক ট্যাংক ভবনে থাকে সে বিষয়ে পৌর কৃর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি তার কাজে পৌরসভার সহযোগিতার জন্য পুনরায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। | | |
| ২৬. | গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | সড়কবাতি কার্যকর রাখার জন্য ডিজিটাল এ্যাপস ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০১৯-২০২০ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৪৬৬০০০০.০০ টাকা<br>এপ্রিল-জুন/২০২০ ইং কোয়ার্টারে ব্যয় ৭৭৬৯৯.০০ টাকা।<br>১. যানবাহন মেরামত বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ১১০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ইং ব্যয় ৯২৬৭৫.০০ টাকা।<br>২. জালানী (বিম লিফটার) বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ২৫০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ইং ব্যয় ২০১০৩৫.০০ টাকা।<br>০৩. সড়ক বাতি বৈদুতিক দ্রব্যাদি ক্রয় বাবদ বাজেট ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্ধ ৯৫০০০০.০০ টাকা এপ্রিল-জুন/২০২০ ইং ব্যয় ৪৮৩০৮৯.০০ টাকা।<br>মাগুরা পৌরসভায় ইউজিআইআইপি-৩ হইতে বিম লিফটার পাওয়ার পরে পৌর কর্তৃপক্ষ পৌরসভা এলাকার সকল সড়কগুলি পর্যায়ক্রমিক ভাবে আলোকিত করণের উদ্যোগ গ্রহণ অপেক্ষাকৃত সহজ হয়েছে, আরও ১ টা বিম লিফটার হলে কাজ গুলি চাহিদামত শেষ করা যায়। নতুন লাইন সংযোগের ক্ষেত্রে এলাকাভিত্তিক মিটার সিষ্টেম করলে পৌরসভার জন্য ভাল হবে। | পৌর কর্তৃপক্ষ সোলার বাতির মাধ্যমে পৌর সভার গুরুতৃপূর্ণ সড়কগুলি আলোকিত করণের উদ্যেগ গ্রহণ করেছেন। সড়কবাতী কার্যকর রাখা এবং মাগুরা শহরটি পরিপূর্ণ সড়কবতি দ্বারা আলোকিত রাখা একটি চলমান প্রক্রিয়া ফলে বাস্তবায়ন সময়সূচী নির্ধারণ করা সম্ভব নয়। মাগুরা পৌরসভায় ইউজিআইআইপি-৩ হইতে বিম লিফটার পাওয়ার পরে পৌর কর্তৃপক্ষ পৌরসভা এলাকার সকল সড়কগুলি পর্যায়ক্রমিক ভাবে আলোকিত করণের কাজ সম্প্রসারন করা। নতুন লাইন সংযোগের ক্ষেত্রে এলাকাভিত্তিক মিটার সিষ্টেম করনের কাজ সহজ করার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সড়কবাতি পরিদর্শক ও নির্বাহী প্রকৌশলী |
| ২৭. | ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারিকরণ | (২০১৭-২০১৮) অর্থবছরের MMT এর কর্মপরিকল্পনা অনুযায়ী অবকাঠামো বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। | মোবাইল ম্যাটেনেন্স (MMT) এর জন্য ২০১৯-২০২০ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৫৫০০০০ টাকা এবং প্রকৃত ব্যায় ০.০০ টাকা।<br>এপ্রিল-জুন/২০২০ইং কোয়ার্টারে ব্যয় ১৮৫৯০৮.০০ টাকা। | মোবাইল ম্যাইনটেনেন্সের জন্য বরাদ্দকৃত টাকা (২০১৯-২০২০) অর্থবছরের মধ্যে খরচের সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৮. | ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | মাগুরা পৌর এলাকার স্যানিটেশন ব্যবস্থার যথেষ্ট উন্নয়ন ঘটেছে। বস্তি ও ক্লাস্টারের কাজ শুরু হলে স্যানিটেশন ব্যবস্থার অগ্রগতি তরান্বিত হবে। হোটেল/ রেস্তোরার মালিকগণ বিশুদ্ধ খাদ্য লাইসেন্স গ্রহণ করা শুরু করেছে। স্যানিটেশন কার্যক্রম ব্যবস্থাপনা অগ্রগতির লক্ষ্যে এ্যাওয়ারনেস ডেভেলপমেন্ট এর কাজ শুরু করা হয়েছে। | ২০১৯-২০২০ অর্থবছরে বাজেট বরাদ্ধ ১৬,৫০,০০০/- টাকা এবং প্রকৃত ব্যায় ৪৫,২৯২.০০ টাকা।<br>এপ্রিল-জুন/২০২০ইং কোয়ার্টারে ব্যয় ৪৫,২৯২.০০ টাকা।<br>মাগুরা পৌর সভার পুরাতন বাজারের কসাইখানাটিকে আধুনিক কসাইখানা হিসাবে মান উন্নয়ন ঘটানো প্রয়োজন।<br>১. পুরাতন ঝুঁকিপূর্ণ পাবলিক টয়লেট গুলো ভেঙে নতুন টয়লেট নির্মাণ করা।<br>২. বন্ধ টয়লেট গুলো মেরামত করে চালুর ব্যবস্থা গ্রহণ করা।<br>৩. ভায়নার মোড় হতে চৌরঙ্গ মোড়ের মধ্যে ০১ টা পাবলিক টয়লেট নির্মাণের প্রস্তাবনা।<br>৪. বাসটার্মিনালে অবস্থিত পাবলিক টয়লেটের সেপটিক ট্যাঙ্ক বড় করা বা বাড়ানো বা পরিস্কার করা।<br>৫. হত দরিদ্র পরিবারের মধ্যে রিং স্লাব বিতরণের ব্যবস্থা গ্রহন।<br>সম্প্রতি বিভিন্ন ওয়র্ডে স্যানিটেশন সচেতনতা বিষয়ে বাণী সংবলিত ১৫ টির অধিক ডিজিটাল ব্যানার টাঙ্গানো হয়। | স্যানিটেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করা । মাগুরা পৌর এলাকায় বহু পাকা বাড়ীতে সেপটিক ট্যাংক থাকলেও সোক ওয়েল নাই। ঐ সকল বাড়ীর মালিকগণকে সোকওয়েল নির্মাণের জন্য উদ্বুদ্ধ করতে হচ্ছে। মেয়র মহোদয়কে প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে যোগাযোগের মাধ্যমে একটি ভ্যাকুল ক্লিনার সংগ্রহের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। স্যানিটেশন কার্যক্রম সুষ্টভাবে পরিচালনার । | কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |

আলোচ্যসূচী - ৩ ঃ কোভিড-১৯ প্রতিরোধে করণীয় প্রসঙ্গে :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | | আলোচনার আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হবে। | সভাপতি মহোদয় বলেন, বিশ্বব্যাপী প্রাণঘাতি নভেল করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে এবং এখনও এ রোগের কোন ঔষধ বা প্রতিষেধক তৈরি হয়নি। মাগুরা পৌরসভা করোনা সংক্রমনের প্রথম দিক থেকেই করোনা ভাইরাস প্রতিরোধে ৩৩ সদস্য বিশিষ্ট পৌরসভা প্রতিরোধ কমিটি গঠন করেছে। ৩০ হাজার লিপলেট বিতরণ, বিভিন্ন ওয়ার্ডে ৫১ টি মাইকের মাধ্যমে সচেতনতামূল কার্যক্রম চালানো হয়েছে। শহরের বিভিন্ন পয়েন্টে হ্যান্ড স্যানিটাইজিং ব্যাবস্থাপনা স্থাপন করা হয়েছে। | আলোচনার আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হবে। | সংশ্লিষ্ট শাখাসমূহ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | অদ্যাবধি করোনা প্রতিরোধ খাতে পৌরসভা প্রায় ১৮,০০,০০০/- ব্যয় করেছে। সরকারি দিক নির্দেশনার আলোকে সর্বক্ষনিক কার্যক্রম অব্যাহত রয়েছে। দপ্তরে কন্ট্রোলরুম খোলা হয়েছে। বিভিন্ন ওয়র্ডে কুইক রেসপন্স টিম গঠন করেও দেওয়া হয়েছে। স্বাস্থ্য বিধি প্রতিপালনে পৌরসভা বিভিন্ন পর্যায়ে কার্যক্রম জোরদার করেছে। শহরের প্রবেশমুখে (ভায়নামোড় ও ঢাকা রোড) ২টি জীবানু নাশক টানেল স্থাপন করা হয়েছে। সদস্যগণ উদ্যোগসমূহে সন্তোষ প্রকাশ করেন এবং পূর্বে ন্যয় কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ করেন। | | |

আলোচ্যসূচী - ৪ ঃ মাগুরা পৌরসভায় ২০১৯-২০ অর্থ বছর থেকে ৫ বছরের জন্য কর পুন:নির্ধারণ (রি-এ্যাসেসমেন্ট) প্রসঙ্গে।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | মাগুরা পৌরসভায় ২০১৯-২০ অর্থ বছর থেকে ৫ বছরের জন্য কর পুন:নির্ধারণ (রি-এ্যাসেসমেন্ট) প্রসঙ্গে | পৌরসভা কর্তৃক বিধি মোতাবেক নিরুপিত কর করদাতাগণের নিকট অত্যাধিক বেশী মনে হওয়ায় এবং তা পরিশোধের ক্ষেত্রে অত্যন্ত কষ্টসাধ্য হওয়ায় তাদের আবেদনের(আপিল) প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ বছরে মাগুরা পৌরসভা কর্তৃক পুন:নির্ধারিত কর প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় নির্ধারণ পূর্বক চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কর আদায় ও নিরুপন কমিটি, পৌর পরিষদ, TLCC সভার আলোচনা বিবেচনা করত: পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল মেয়র-১ ও সভাপতি কর আদায় ও নিরুপন বিষয়ক স্থায়ী কমিটি জনাব মকবুল হাসান মাকুল জানান যে, জনগণের নিকট থেকে কর পুন:বিবেচনার বিষয়ে অসংখ্য আবেদন পাওয়া যাচ্ছে। আরোপিত কর তাদের নিকট পরিশোধ করা অত্যান্ত কষ্টসাধ্য হওয়ায় এবং জনগণের বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় তাদের আবেদনের প্রেক্ষিতে স্থায়ী কমিটি উক্ত কর সহনিয় পর্যায়ে পুন: নির্ধারণ করতঃ চূড়ান্ত অনুমোদনের জন্য পৌর পরিষদের নিকট উপস্থাপন করেছে এবং কার্যক্রম চলমান রয়েছে। | পৌরসভা কর্তৃক বিধি মোতাবেক নিরুপিত কর করদাতাগণের নিকট অত্যাধিক বেশী মনে হওয়ায় এবং তা পরিশোধের ক্ষেত্রে অত্যন্ত কষ্টসাধ্য হওয়ায় তাদের আবেদনের(আপিল) প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ বছরে মাগুরা পৌরসভা কর্তৃক পুন:নির্ধারিত কর প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় নির্ধারণ পূর্বক চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কর আদায় ও নিরুপন কমিটি, পৌর পরিষদ, TLCC সভার আলোচনা বিবেচনা করত: পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। হ্রাসকৃত পৌর কর অনুমোদনের জন্য সুপারিশসহ পৌর পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট শাখা |

আলোচ্যসূচী ৫ ঃ সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ে আলোচনা।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ে আলোচনা | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রচলিত আইন অনুযায়ী জবাবদিহিতার ভিত্তিতে সেবাদান কার্যক্রম সহজীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি মহোদয় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ ও জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ এর আলোকে মাগুরা পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সফলভাবে পরিচালনা করে আসছে। পৌর সচিব জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে মাগুরা পৌরসভার জুন-২০২০ইং পর্যন্ত হালনাগাদ তথ্য তুলে ধরেন, যাতে দেখা যায়, পৌরসভার মোট জনসংখ্যা ১,৩০,২০৯ জন, নিবন্ধিত জনসংখ্যা ১,৩০,১৭৪ জন এবং অনলাইনে নিবন্ধনের হার ১০০%। সদস্য জনাব শেখ সেলিনা আকবরী বলেন যে জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখায় নিয়োজিত কর্মচারীদের সময় জ্ঞানের প্রতি আরো যত্নবান হতে অনুরোধ করেন। তিনি বলেন, রহিঙ্গা জনগোষ্টি যেন কোন অবস্থাতেই জন্ম নিবন্ধনভূক্ত না হয়– এ বিষয়ে সতর্ক থাকতে হবে।<br><br>দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি রিজিয়া বেগম জন্ম নিবন্ধনের কাজে সন্তোষ্ট বলে জানান। TLCC'র সদস্য (এনজিও প্রতিনিধি) জনাব আব্দুল হালিম মাগুরা পৌরসভার জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। | শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্নের জন্য TLCC'র সদস্যগণ স্ব-স্ব ক্ষেত্রে সচেতনতামূলক প্রচারণায় ভূমিকা রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও সংশ্লিষ্ট সহকারী |

আলোচ্যসূচী - ৬ ঃ বিবিধ ।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | মাগুরা পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ঘোষণা ও ২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত বাজেট প্রসঙ্গে | | সভাপতি মহোদয় জানান যে, গত ৩১.৫.২০২০ইং তাং এ সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায়, ১০.৬.২০২০ইং তাং অনুষ্ঠিত টিএলসিসির বিশেষ সভায় এবং ১৪.৬.২০২০ইং তাং অনুষ্ঠিত পৌর পরিষদের বিশেষ সভায় ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদিত হওয়ায় ১৭.৬.২০২০ইং তাং পৌরসভা সম্মেলন কক্ষে মাগুরা পৌরসভার রাজস্ব ও উন্নয়ন মিলে ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট ৪০,৯৫,৮০,০০০/- এবং ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ৫০,৫,৫০,০০০/- টাকা জনসম্মুখে ঘোষণা করা হয়। বাজেট বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। সদস্যগণ স্বতঃস্ফুর্ত সহযোগিতা দিতে আশাবাদ ব্যক্ত করেন। | আলোচনার আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হবে। | সংশ্লিষ্ট শাখা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খুরশীদ হায়দার টুটুল)
সভাপতি, TLCC
ও
মেয়র, মাগুরা পৌরসভা।

স্মারক সংখ্যা : মাপৌ/২০২০/৫২০

তারিখ : ৩০.৬.২০২০ইং।

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। সদস্য (সকল), TLCC, জনাব.....................................................................

৪। জনাব .......................................................................................

(মোঃ খুরশীদ হায়দার টুটুল)
মেয়র
মাগুরা পৌরসভা।